রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ২১, ২০০২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩রা শ্রাবণ ১৪০৯/১৮ই জুলাই ২০০২

**এস, আর, ও নং ১৯৬-আইন/২০০২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, এতদসংক্রান্ত সকল বিধিমালা বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা ;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য ঃ টাকা ৩.০০

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) এই বিধিমালা, তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ (৩) অনুচ্ছেদ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক নির্ধারিত সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নলিখিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, এডহক ভিত্তিতে নিয়োজিত ব্যক্তি, যদি থাকে, এর ক্ষেত্রে সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত (Service Record) সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসীর মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসী মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পন্ন হওয়ার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহার চাকুরী স্থায়ী করিবে ; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যদি না তিনি সরকারী আদেশবলে, সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তফসিল
[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়ঃসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক (আরকাইভস ও গ্রন্থাগার) | ৫০ বৎসর (বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য) | (১) পদোন্নতির মাধ্যমে ;<br>(২) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ;<br>এবং<br>(৩) পদোন্নতি ও সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>উপ-পরিচালক/চীফ বিবলিওগ্রাফার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে গবেষণামূলক প্রবন্ধের প্রকাশনা অগ্রাধিকারযোগ্য। |
| ২ | উপ-পরিচালক (আরকাইভস) | ৪০ বৎসর | (১) পদোন্নতির মাধ্যমে ;<br>(২) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ;<br>এবং<br>(৩) পদোন্নতি ও সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সহকারী পরিচালক/বিবলিওগ্রাফার/গবেষণা কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ আরকাইভস এবং রেকর্ডস ব্যবস্থাপনায় ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। তবে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে আরকাইভস প্রশাসনে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | চীফ বিবলিওগ্রাফার/ উপ-পরিচালক (গ্রন্থাগার) | ৪০ বৎসর | (১) পদোন্নতির মাধ্যমে ;<br>(২) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ;<br>এবং<br>(৩) পদোন্নতি ও সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সহকারী পরিচালক/বিবলিওগ্রাফার/গবেষণা কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা গ্রন্থাগার বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বিবলিওগ্রাফী বিষয়ে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪ | সহকারী পরিচালক (গ্রন্থাগার) | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে ;<br>এবং<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (গ্রন্থাগার)/পাবলিকেশন অফিসারসহ গ্রন্থাগারিক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৫ | বিবলিওগ্রাফার | ৩০ বৎসর | (ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে ;<br>এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (গ্রন্থাগার)/পাবলিকেশন অফিসারসহ গ্রন্থাগারিক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬ | সহকারী পরিচালক (আরকাইভস) | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে ;<br>এবং<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (আরকাইভস) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান/ইতিহাস/ইসলামের ইতিহাসে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ;<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞান/ইতিহাস/ইসলামের ইতিহাসে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭ | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে ;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (আরকাইভস) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাসে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮ | জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার | ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য) | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যা অথবা রসায়ন বিদ্যাসহ বি, এসসি ডিগ্রী। |
| ৯ | গ্রন্থাগারিক | .. | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (গ্রন্থাগার)/পাবলিকেশন অফিসার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১০ | সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (আরকাইভস) | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে ;<br>এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>জুনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (আরকাইভস) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাসে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | সিনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (গ্রন্থাগার) | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে ; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি ঃ জুনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (গ্রন্থাগার) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগ ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ১২ | পাবলিকেশন অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ১৩ | অফিস সুপারিনটেনডেন্ট | .. | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী/উচ্চমান সহকারী/স্টোর এসিস্ট্যান্ট/হিসাব-রক্ষক/ক্যাশিয়ার পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৪ | সাঁট-লিপিকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | The Steno-graphers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুসারে। |
| ১৫ | জুনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (আরকাইভস) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাসসহ স্নাতক ডিগ্রী। |
| ১৬ | জুনিয়র টেকনিক্যাল এসিস্ট্যান্ট (গ্রন্থাগার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| ১৭ | প্রধান সহকারী/ স্টোর এসিস্ট্যান্ট/উচ্চমান সহকারী/হিসাব-রক্ষক/ক্যাশিয়ার | .. | পদোন্নতির মাধ্যমে | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক/হিসাব সহকারী পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮ | সাঁট-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | The Steno-graphers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুসারে। |
| ১৯ | হস্তলিপি সহকারী | ৩০ বৎসর (বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ২০ | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ২১ | নিম্নমান সহকারী-তথ্য-মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | .. | নিম্নমান সহকারী-তথ্য-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। |
| ২২ | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ভারী অথবা হালকা গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ৮ম শ্রেণী উত্তীর্ণ হইতে হইবে। |
| ২৩ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | .. | পদোন্নতির মাধ্যমে | নিম্নমান সহকারী-তথ্য-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। |
| ২৪ | মেভার-কাম-বাইন্ডার | .. | পদোন্নতির মাধ্যমে | এম, এল, এস, এস পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫ | বুক সর্টার | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে ;<br>এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>এম, এল, এস, এস পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>ন্যূনতম অষ্টম শ্রেণী উত্তীর্ণ হইতে হইবে। |
| ২৬ | রেকর্ড সর্টার | .. | পদোন্নতির মাধ্যমে | এম, এল, এস, এস, পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৭ | দপ্তরী | .. | পদোন্নতির মাধ্যমে | এম, এল, এস, এস, পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৮ | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। |
| ২৯ | এম, এল, এস, এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। |
| ৩০ | নাইট গার্ড | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী উত্তীর্ণ হইতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল আউয়াল হাওলাদার**
উপ-সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত,
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।